



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

সায়মা ওয়াজেদ হোসেন

সিভিএফ- এর থিমेटিক দূত মনোনীত হওয়ায় ববি উপাচার্যের অভিনন্দন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৩ জুলাই ২০২০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুল ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ) থিমेटিক দূত মনোনীত হওয়ায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন তাঁকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, সিভিএফ-এর থিমेटিক দূত মনোনীত হওয়া সম্মান ও গৌরবের বিষয়। তিনি বলেন, সায়মা ওয়াজেদ হোসেন সিভিএফ- এর থিমेटিক দূত মনোনীত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। সায়মা ওয়াজেদ হোসেন বিশ্বের পিছিয়ে পড়া জনগোষ্ঠী, নবায়ন যোগ্য জ্বালানি, জলবায়ুর ঝুঁকি মোকাবেলায় জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং বিশ্বে জলবায়ু পরিবর্তনের পরিপ্রেক্ষিতে প্রবল ঝুঁকির মুখে থাকা দেশসমূহের কল্যাণে তাঁর মেধা ও অভিজ্ঞতা কাজে লাগাবেন বলে আশা প্রকাশ করেন উপাচার্য মহোদয়। উল্লেখ্য, সিভিএফ- এর চারজন দূত মনোনীত হয়েছেন। সায়মা ওয়াজেদ হোসেন পুতুল ছাড়াও অন্যান্য দূতগণ হচ্ছেন মালদ্বীপের সাবেক রাষ্ট্রপতি নাশিদ কামাল, ফিলিপাইনের ডেপুটি স্পিকার লরেন লেগ্লেডা এবং কঙ্গোর জলবায়ু বিশেষজ্ঞ তোসি পানু-পানু।

উপাচার্য মহোদয় সায়মা ওয়াজেদ হোসেন এর সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস